যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৩

১/ বিবিধ

আরবী

أفلحت يا قديم إن مت ولم تكن أميرا ولا كاتبا ولا عريفا

ضعيف

أخرجه أبو داود (2933) وأحمد (4/133) وابن عساكر في " تاريخ دمشق " (17/80/1) عن صالح بن يحيى بن المقدام عن جده المقدام بن معد يكرب أن رسول الله صلى الله عليه وسلم ضرب على منكبه ثم قال له: فذكره

قلت: وهذا إسناد ضعيف، صالح هذا أورده الذهبي في " ديوان الضعفاء "، وقال: مجهول

وقال في " المغني " و الكاشف

قال البخاري: فيه نظر

وقال الحافظ في التقريب

" لين "

وأما قول المنذري (3/134)

وفيه كلام قريب لا يقدح

فهذا مردود لوجهين

أولا: أن الذين ترجموا صالحا كان كلامهم فيه على ثلاثة أنواع

منهم من ضعفه ضعفا شديدا، وهو الإمام البخاري، فقال قال: " فيه نظر

كما تقدم

وعبارة البخاري هي من أشد أنواع التجريح عنده
ومنهم من جهله مثل موسى بن هارون الحمال وابن حزم
ويمكن أن نذكر معهم ابن أبي حاتم، فإنه أورده في كتابه (2/1/419) ولم يذكر فيه جرحا ولا تعديلا
ومنهم من وثقه، وهو ابن حبان وحده، فقد أورده في " ثقات أتباع التابعين " وقال (6/409)
" يخطىء "
فأنت ترى أنهم جميعا متفقون على تجريح الرجل، إما بالضعف الشديد، وإما بالجهالة، وإما بالوهم
ثانيا: أن الكلام الذي لا يقدح إنما يسلم لوقيل في رجل ثبت أنه ثقة، والأمر هنا ليس كذلك، لأن توثيق ابن حبان مما لا يوثق به عند التفرد كما هو الشأن هنا لما عرفت من تساهله فيه، فلذلك لا يقبل توثيقه هذا إذا لم يخالف ممن هو مثله في العلم بالجرح والتعديل، فكيف إذا كان مخالفه هو الإمام البخاري؟ فكيف إذا كان مع ذلك هو نفسه يقول فيه كما تقدم
يخطىء
فيتلخص من ذلك أن الكلام الذي فيه قادح، يسقط الاحتجاج بالحديث.
ثم إن إيراد ابن حبان إياه في " أتباع التابعين " ينبهنا إلى أن في الحديث علة أخرى وهي الانقطاع، فإن صالحا هذا رواه عن جده المقدام لم يذكر بينهما أباه يحيى بن المقدام، فهو منقطع، فهذه علة أخرى، ويؤيده أنه سيأتي له قريبا حديث آخر برقم (1149) من روايته عن أبيه عن جده، فإن كان هذا تلقاه عن أبيه فهو ـ أعني أباه ـ مجهول كما سيأتي هناك، ولذلك ذكر الحافظ في ترجمة صالح هذا من " التقريب " أنه من الطبقة السادسة. وهم الذين لم يثبت لهم لقاء أحد من الصحابة

বাংলা

১১৩৩. হে কুদায়েম! তুমি যদি মারা যাও এমতাবস্থায় যে তুমি আমীর, লেখক ও আরীফ (মানুষের প্রয়োজনে দায়িত্ব পালনকারী) ছিলে না তাহলে তুমি সফলকাম হয়েছ।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম আবু দাউদ (২৯৩৩), আহমাদ (৪/১৩৩-১৬৭৫৪) ও ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১৭/৮০/১) সালেহ্ ইবনু ইয়াহইয়া ইবনিল মিকদাম সূত্রে তার দাদা মিকদাম ইবনু মাদিকারুবা হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এ সালেহকে হাফিয যাহাবী "দিওয়ানুযযুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি মাজহুল (পরিচয়হীন বর্ণনাকারী)।

তিনি তার সম্পর্কে “আল-মুগনী” ও “আল-কাশেফ” গ্রন্থে বলেনঃ ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

হাফিয মুনযেরী যে বলেছেনঃ তার সম্পর্কে এরূপ সমালোচনা করা হয়েছে, যা তাকে ত্রুটিযুক্ত না করার নিকটবর্তী। তার এ কথা দুদিক দিয়ে প্রত্যাখ্যাতঃ

প্রথমতঃ যারা সালেহের জীবনী আলোচনা করেছেন, তাদের উক্তিগুলো তিন ধরনেরঃ

১। তাদের মধ্যে ইমাম বুখারী তার এ বাণীঃ "তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে" দ্বারা খুবই দুর্বল আখ্যা দিয়েছেন। কেননা বিষয়টি সবার নিকট প্রসিদ্ধ যে, বর্ণনাকারীর ক্ষেত্রে ইমাম বুখারীর সমালোচনামূলক এ ভাষাটি তার নিকট সর্বাপেক্ষা কঠোর ভাষা।

২। তাদের মধ্য থেকে কেউ কেউ তাকে পরিচয়হীন বর্ণনাকারী আখ্যা দিয়েছেন, যেমন মূসা ইবনু হারূন আল-হাম্মাল ও ইবনু হাযম।

৩। আর একমাত্র ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়ে বলেছেনঃ তিনি কখনও কখনও ভুল করেন। এ থেকে বুঝা যাচ্ছে যে, তারা সকলে তাকে ত্রুটিযুক্ত আখ্যা দানের ক্ষেত্রে একমত। কেউ তাকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন, কেউ মাজহুল আখ্যা দিয়েছেন আবার কেউ সন্দেহ পোষণকারী আখ্যা দিয়েছেন।

দ্বিতীয়তঃ যদি কোন নির্ভরযোগ্য ব্যক্তির ক্ষেত্রে বলা হয় যে, এরূপ কথা তাকে ত্রুটিযুক্ত করে না, তাহলে তা গ্রহণযোগ্য হতে পারে। কিন্তু এ ব্যক্তি নির্ভরযোগ্য নয়। আর ইবনু হিব্বানের এককভাবে নির্ভরযোগ্য আখ্যাদান যে গ্রহণযোগ্য নয় তা জানা বিষয়। কারণ তিনি এ বিষয়ে শিথিলতা প্রদর্শনকারী হিসেবে প্রসিদ্ধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন